# যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (যবিপ্রবি) স্কুল অ্যান্ড কলেজ
যশোর ৭৪০৮, বাংলাদেশ

স্মারক নম্বর: যবিপ্রবি স্কুল অ্যান্ড কলেজ/অধ্য.অফি/কলেজ/০২/নিয়োগ/২০২৫-০১ তারিখ: ১২/১০/২০২৫ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্কুল অ্যান্ড কলেজের নিম্নোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | বিষয় ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| প্রভাষক (অস্থায়ী) | ক. বাংলা-০১ টি<br>খ. ইংরেজি -০১ টি<br>গ. অর্থনীতি -০১ টি<br>ঘ. জীববিজ্ঞান -০১ টি | (ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>(খ) এসএসসি/সমমান ও এইসএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ স্কেলে ন্যূনতম ৩.০০ থাকতে হবে।<br>(গ) স্নাতকোত্তর ডিগ্রিধারীদের স্নাতকোত্তর ডিগ্রিকে অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে অগ্রাধিকার দেওয়া হবে। |

**শর্তাবলি:**

# আবেদনকারীকে নিম্নস্বাক্ষরকারীর অফিস অথবা ওয়েবসাইট (www.justsc.edu.bd) থেকে আবেদন ফরম সংগ্রহ করে সকল কাগজপত্রসহ ০১ সেট স্বহস্তে লিখিত আবেদন অধ্যক্ষ, যবিপ্রবি স্কুল অ্যান্ড কলেজ, যশোর ৭৪০৮ বরাবরে আগামী ২৭/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন পৌঁছাতে হবে।

# বেতন আলোচনা স্বাপেক্ষে।

# জীববিজ্ঞান বিষয় এ নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হিসাবে উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, অণুজীববিজ্ঞান, জিইবিটি ও ফার্মেসিতে স্নাতক ডিগ্রিধারীদেরকে বোঝাবে।

# প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদ ও নম্বরপত্র;

(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (গ) নাগরিকত্ব/জন্ম সনদের অনুলিপি।

# দরখাস্তের সাথে অধ্যক্ষ, যবিপ্রবি স্কুল অ্যান্ড কলেজ এর অনুকূলে (হিসাব নং-০২০০০০৬১৩৩৮৯১) অগ্রণী ব্যাংক লি. এর যেকোনো শাখা হতে ২০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

# প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০ টাকার ডাকটিকেট সংযুক্ত (২৫×১১) সে.মি. সাইজের দুইটি ফেরতখাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

# ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

# প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের পর বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী লিখিত ও মৌখিক এবং প্রয়োজনে Demonstration পরীক্ষার জন্য আহবান করা হবে।

# যবিপ্রবি স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন ও পদসংখ্যা কমবেশি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অধ্যক্ষ (অতিঃ দাঃ)
যবিপ্রবি স্কুল অ্যান্ড কলেজ যশোর ৭৪০৮, বাংলাদেশ